

তারিখ: ২২ এপ্রিল, ২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২২-০৪-২০২৬ তারিখ জনাব অনুপম দাস অনুপ, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে 'গ্র্যান্ড প্যালেস হোটেল এন্ড রিসোর্ট লিমিটেড' এস এ পয়েন্ট, ২২, কাকরাইল, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে উক্ত প্রতিষ্ঠানের রান্নাঘর পরিদর্শনকালে বেশকিছু মেয়াদোত্তীর্ণ খাদ্যোপকরণ সংরক্ষণ ও ব্যবহার করতে দেখা যায়; যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে রঙ, পাউরুটি ও কেক বিভিন্ন খাবার সংরক্ষণ করতে দেখা যায়; কেওডাজল ও গোলাপজল সংরক্ষণ ও রান্নার কাজে ব্যবহার করতে দেখা যায় যা খাবারে ব্যবহার করা সম্পূর্ণ নিষেধ; ট্রেড লাইসেন্স ব্যতীত কোন প্রকার বাধ্যতামূলক নিবন্ধন সনদ অর্থাৎ ফায়ার লাইসেন্স, পরিবেশ ছাড়পত্র, বিএসটিআই সনদ প্রদর্শনে ব্যর্থ হয়।

এসকল অসংগতি উক্ত প্রতিষ্ঠানের জেনারেল ম্যানেজার ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের তুলে ধরা হয় এবং তারা দোষ স্বীকার করে কিনা এ বিষয়ে জানতে চাওয়া হয়। এর প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানের জিএম অনেকজনের সাথে ফোনালাপ করেন এবং পরবর্তীতে দোষ স্বীকার না করে বিভিন্নভাবে মোবাইল কোর্ট টিমকে অসহযোগিতা করেন।

উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানের জেনারেল ম্যানেজার তাদের প্রতিষ্ঠান/নিয়মিত মামলা দায়েরে জন্য যতটুকু তথ্য প্রয়োজন তার কোনটাই প্রদান করেন নাই।

এসকল অপরাধসমূহের ভিত্তিতে সকলদিক বিবেচনাপূর্বক অধিকতর তদন্তসহ সুবিচারের জন্য উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়েরের জন্য আদেশ দেন।

অভিযানকালে জনাব মো: আসলাম ডুইয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



২২.০৪.২০২৬

বি. এম রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।